

তথ্য কমিশনে ১২-০৪-২০১৮ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ১১ টি অভিযোগের শুনানীশেষে ০২ টি অভিযোগের নিষ্পত্তি করা হয়, ০৪ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০৫ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

শুনানীতে অংশ নেন মাননীয় প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে চুয়াডাঙ্গা পুলিশ সুপার কার্যালয়ের পুলিশ সুপার এবং লক্ষ্মীপুর পৌরসভার নির্বাহী প্রকৌশলীর বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের সহকারী নগর পরিকল্পক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের উপ-সচিব (প্রশাসন ও সংস্থাপন), বাংলাদেশ পুলিশের এআইজি (মিডিয়া এন্ড পিআর) এবং

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর সিনিয়র সহকারী প্রকৌশলীর বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়। টাংগাইলের পোড়াবাড়ী ইউনিয়ন পরিষদের সচিব, অগ্রণী ব্যাংকের বরগুনা শাখার ব্যবস্থাপক, জামালপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি), ময়মনসিংহ জোনের জোনাল সেটেলমেন্ট অফিসার এবং হবিগঞ্জ বানিয়াচং এর ৩ নং দক্ষিণ পূর্ব ইউনিয়ন পরিষদের সচিবের বিরুদ্ধে আনিত অভিযোগ খারিজ করে দেওয়া হয়।

স্বাক্ষরিত:-

১২-০৪-২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd